

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 05-11-2025

Time: 1.40 P.M.

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR এর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ রাজ্যে আসছেন। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি SB জোশি, ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল সহ কমিশনের এক প্রতিনিধি দল এই সফরকালে উত্তরবঙ্গের চার জেলা আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিং-এ SIR কাজ পর্যালোচনা করবেন। আজ রাতে আলিপুরদুয়ারে থাকার পর আগামীকাল ফিল্ড ভিজিট করবেন তাঁরা। এরপর ওই প্রতিনিধিদল কোচবিহারে যাবেন। শুক্রবার বৈঠক হবে জলপাইগুড়ি ও শিলিগুড়িতে। শনিবার নির্বাচন কমিশনের ওই প্রতিনিধি দল দিল্লি ফিরে যাবে।

জলপাইগুড়ির রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মণের বিরুদ্ধে এক স্বর্ণ ব্যবসায়ীকে অপহরণ ও খুনের অভিযোগ উঠেছে। এব্যাপারে থানায় অভিযোগ দায়ের করেছেন স্বপন কামিল্যা নামে ওই ব্যবসায়ীর পরিবারের লোকজন।

জানা গেছে, আদতে পশ্চিম মেদিনীপুরে দিলমাটিয়া গ্রামের বাসিন্দা স্বপনের সল্টলেকের কাছে দত্তাবাদে সোনার দোকান ছিল। গত ২৮-শে অক্টোবর বিডিও প্রশান্ত বর্মণ, স্বপনকে তার দোকান থেকে জোর করে তুলে নিয়ে যান বলে অভিযোগ। পরদিন নিউটাউনের যাত্রাগাছি এলাকায় একটি খালের ধার থেকে তার রক্তাক্ত দেহ উদ্ধার হয়।

জাল শংসাপত্রকাণ্ডে অভিযান চালিয়ে গোয়েন্দা দপ্তর শিলিগুড়ির চাঁদমানি এবং মাটিগারা এবং জলপাইগুড়ির গজলডোবা থেকে পাঁচজনকে গ্রেপ্তার করেছে। আজ তাদের আদালতে তোলা হয়েছে। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে জাল জন্ম শংসাপত্র। এছাড়াও, তাদের মোবাইল ফোনে প্রচুর জাল জন্ম ও মৃত্যু শংসাপত্রের পিডিএফ ফাইল পাওয়া গেছে বলে খবর।

উল্লেখ্য, গত ২৯ সে অক্টোবর সেনাবাহিনী ও গোয়েন্দা দপ্তর লালন কুমার ওঝা নামে এক ব্যক্তিকে পাকড়াও করে। তাকে জেরার পরই এই পাঁচ জনের হদিশ মেলে।

মালদা ও মুর্শিদাবাদে গঙ্গা-পদ্মা ভাঙন প্রতিরোধে ফারাক্কা বাঁধ প্রকল্পকে প্রসারিত করার দাবিতে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। এব্যাপারে ৪ সপ্তাহের মধ্যে রাজ্যের রিপোর্ট তলব করেছে আদালত। রাজ্যের রিপোর্ট পাওয়ার এক সপ্তাহের মধ্যে মামলাকারিকে নিজের বক্তব্য জানাতে বলেছেন, ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ। মামলাকারীর দাবি ভাঙনের ফলে সংলগ্ন এলাকায় থাকা ঘরবাড়ি, চাষের জমি, নদীগর্ভে চলে যাচ্ছে। তাই অবিলম্বে ফারাক্কা বাঁধ প্রকল্পকে প্রসারিত করা প্রয়োজন।

ক্রমবর্ধমান ঘূর্ণিঝড়ের সমস্যা থেকে শিক্ষা নিয়ে সুন্দরবনে তৈরি হতে চলেছে রাজ্যের প্রথম ঝড়-প্রতিরোধী অত্যাধুনিক ওয়াচটাওয়ার। পরীক্ষামূলকভাবে ক্যানিং এর মৌখালি সেতুর কাছেই এই টাওয়ার গড়ে তোলার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। সুন্দরবন উন্নয়ন পর্ষদ ইতিমধ্যেই এই প্রকল্পের জন্য দরপত্র আহ্বান করেছে।

নির্মাণকাজ শুরু হওয়ার আগে মাটি পরীক্ষা, স্থাপত্য ও কাঠামোগত নকশা এবং বিস্তারিত প্রকল্প প্রতিবেদন (ডিপিআর) তৈরি করে, বিশেষজ্ঞ সংস্থাকে দিয়ে তা যাচাই করার নির্দেশ দেওয়া হয়েছে।

আজ রাসপূর্ণিমা। নদীয়ার শান্তিপুর ও নবদ্বীপের বিগ্রহ বাড়িগুলিতে তাদের আরাধ্য দেবতা রাধাকৃষ্ণকে স্বর্ণালংকারে সাজিয়ে, তোলা হচ্ছে রাসমঞ্চে। এখানে তিন দিন ব্যাপী পূজোর প্রচলন রয়েছে। বিভিন্ন মঠ ও মন্দিরের পাশাপাশি বারোয়ারি পূজো মন্ডপগুলিতেও রাস পূজো অনুষ্ঠিত হচ্ছে। নবদ্বীপে বড় শ্যামা, ছোট শ্যামা, গৈরাঙ্গিনী, মহিষমর্দিনী ইত্যাদি পূজো উল্লেখযোগ্য।

মায়াপুরেও রাস উপলক্ষে চলছে বিশেষ অনুষ্ঠান। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করেছে প্রশাসন।

কোচবিহারে আজ সন্ধ্যায় রাসচক্র ঘুরিয়ে মদনমোহন মন্দিরে উৎসবের সূচনা করবেন জেলাশাসক তথা দেবোত্তর ট্রাস্টের সভাপতি রাজু মিশ্র। আগামী ১৫ দিন এখানে উৎসব চলবে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাস পূর্ণিমা উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক দেবের ৫৫৬ তম জন্মজয়ন্তী উদযাপিত হচ্ছে। কার্তিক পূর্ণিমা তিথিতে গুরু নানকের জন্মজয়ন্তী পালিত হয়। দিনটি গুরুপরব হিসেবেও পরিচিত। এই উপলক্ষে সারা দেশের

সঙ্গে এরা জ্যেও গুরুদুয়ারাগুলি সাজিয়ে তোলা হয়েছে। ভজন ,কীর্তন পরিবেশনার পাশাপাশি আয়োজন করা হয়েছে লঙ্গরের। কলকাতার শহীদ মিনারে শিখ সম্প্রদায় আয়োজিত বিশেষ অনুষ্ঠানে যোগ দিচ্ছেন মেয়র ফিরহাদ হাকিম।

রাষ্ট্রতি দ্রৌপদী মূর্মু এবং প্রধানমন্ত্রী নেরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গুরুনানক জয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস গুরু নানকদেব জীর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেছেন, শতাব্দীর পর শতাব্দী ধরে তাঁর শিক্ষা মানব কল্যাণে অনুপ্রেরণা যুগিয়েছে।

শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও।

দেব দিপাবলী উপলক্ষে আজ সকাল থেকেই কলকাতা সহ রাজ্যের বিভিন্ন নদ নদীর ঘাটে পূণ্যস্নান করছেন মানুষ। কলকাতার বাজে কদমতলা ঘাটে সন্ধ্যায় প্রদীপ প্রজ্জ্বলন অনুষ্ঠানে অংশ নেবেন পুর ও নগোরন্নয়ন মন্ত্রী মেয়র ফিরহাদ হাকিম। এই উপলক্ষে সেখানে অজস্র প্রদীপ জ্বালানো হবে। বিপুল জনসমাগমের কথা মাথায় রেখে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

দেব দিপাবলী অনুষ্ঠানের জন্য আজ চক্রেলে চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে।

দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের ১৫৬ তম জন্মদিনে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি পান করা হচ্ছে। স্বাধীনতা সংগ্রামী , রাজনীতিক, আইনজীবী চিত্তরঞ্জন দাস কলকাতা পুরসভার প্রথম মেয়র হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। এই উপলক্ষে আজ কেওড়াতলা মহাশ্মশানে চিত্তরঞ্জন দাস মেমোরিয়ালে এ কলকাতা পুরসভার পক্ষ থেকে আয়োজিত অনুষ্ঠানে তাঁকে শ্রদ্ধা জানানো হচ্ছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁর জন্মদিনে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন। সমাজমাধ্যমের একটি বার্তায় তিনি জানিয়েছেন, দেশের মঙ্গলের জন্য চিত্তরঞ্জন দাসের অবিচল অঙ্গীকার, ত্যাগ ও লড়াই অনুপ্রেরণাদায়ক।

নদীয়ার কল্যাণী থেকে বাংলাদেশি এক ব্লগারকে গ্রেফতার করেছে পুলিশ। বাংলাদেশী লেখক তথা ব্লগার মুফতি আব্দুল্লাহ হাফিজ আল মাসুদের ভিসার মেয়াদ শেষ হওয়ার পরও দীর্ঘদিন থেকে এদেশে বসবাস করছিল সে। কল্যাণী আদালত তাঁকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠিয়েছে।

নিম্নচাপের প্রভাবে উপকূলীয় জেলা দুই ২৪ পরগনায় আগামীকাল পর্যন্ত মেঘলা আকাশ এবং দু এক জায়গায় হালকা বৃষ্টির সম্ভাবনা আছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।
